

মঙ্গলবার

সমকাল

১৬ এপ্রিল ২০২৪ : ৩ বৈশাখ ১৪৩১

তিনটি বিষয় ক্যাটেগরিতে কিউএস সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছে এনএসইউ

সম্প্রতি প্রকাশিত মর্যাদাপূর্ণ র‍্যাঙ্কিং প্ল্যাটফর্ম কিউএস (কোয়াককোয়ারেলি সাইমন্ডস)-এর সাবজেক্ট র‍্যাঙ্কিং ২০২৪-এ তিনটি বিষয় ক্যাটেগরিতে স্থান পেয়েছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ ক্যাটেগরিতে ৩৫১-৪০০ ব্যান্ডে তালিকাভুক্ত হয়েছে এনএসইউ। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস ক্যাটেগরিতে এনএসইউ ৬৫১-৭০০ ব্যান্ডের মধ্যে রয়েছে। এনএসইউর সামনে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট। এনএসইউ ২০২৪ সালে প্রথমবারের মতো ৪৫১-৫০০ ব্যান্ডের মধ্যে ইকোনমিকস ও ইকোনমেট্রিকস প্রোগ্রামের জন্য স্থান পেয়েছে। নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, আগামী বছরগুলোতে এনএসইউ আরও বেশি গৌরব অর্জনের জন্য চেষ্টা চালিয়ে যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।

